পশ্চিমবঙ্গ সরকার
শিশুবিকাশ প্রকল্প আধিকারিকের করণ
রানাঘাট ২ নং অতিরিক্ত সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্প
রানাঘাট, নদীয়া

তারিখ:-০১/১০/২০১৯

পত্রাঙ্ক নং: ০১/আই.সি.ডি.এস/আর-২ (addl)

বিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যাইতেছে যে, রানাঘাট ২ নং অতিরিক্ত শিশুবিকাশ সেবা প্রকল্পে অঙ্গনওয়াড়ি সহায়িকা পদে নিযুক্তির জন্য কেবলমাত্র মহিলা প্রার্থীদের নিকট হইতে নিম্নলিখিত শর্তে আবেদনপত্র আহ্বান করা হইতেছে। এই নিযুক্তি সম্পূর্ণ স্বেচ্ছাসেবামূলক। এই কাজে নিযুক্ত সহায়িকা কোনমতেই সরকারি কর্মী রূপে গণ্য হইবেন না। কেবলমাত্র বহিরগাছি, রঘুনাথপুর হিজুলি - ২, এবং কামালপুর গ্রাম পঞ্চায়েতের স্থায়ী বাসিন্দারা নিম্নোক্ত শূন্য পদে আবেদন করিতে পারিবেন। সহায়িকা পদের প্রার্থীদের কেবলমাত্র নিজ নিজ গ্রাম পঞ্চায়েতের শূন্য পদে আবেদন করিতে হইবে।

১) অঙ্গনওয়াড়ি সহায়িকা পদে শূন্য পদের সংখ্যা-৮, পদের সংখ্যা পরিবর্তনযোগ্য।
২) সরকারি আদেশ অনুসারে ১০০ পয়েন্ট রোস্টার অনুযায়ী শূন্য পদের সংখ্যা সংরক্ষিত। পদের সংখ্যা পরিবর্তন হইলে সংরক্ষণও পরিবর্তন হইবে।**(G.O.No.50 EMP/IM-25/98 Dtd.01/03/2011)**

অঙ্গনওয়াড়ি সহায়িকা:-

ক্রমিক নং	গ্রাম পঞ্চায়েতের নাম	সাধারণ	তপশিলি জাতি	তপশিলি উপজাতি	অন্যান্য অনগ্রসর শ্রেণী-A	অন্যান্য অনগ্রসর শ্রেণী-B	প্রতিবন্ধী	মোট
১	বহিরগাছি	০	১	০	০	১	০	২
২	রঘুনাথপুর হিজুলি - ২	১	০	০	১	০	০	২
৩	কামালপুর	১	০	১	০	১	১	৪
	মোট	২	১	১	১	২	১	৮

উক্ত পদের সংখ্যা পরিবর্তনশীল।

৩) নূন্যতম শিক্ষাগত যোগ্যতাঃ- অঙ্গনওয়াড়ী সহায়িকা পদের ক্ষেত্রে নূন্যতম শিক্ষাগত যোগ্যতা অষ্টম শ্রেনী উত্তীর্ণ। উক্ত পদের জন্য শিক্ষাগত যোগ্যতা বিজ্ঞপ্তি প্রকাশের তারিখের (০১/১০/২০১৯) মধ্যে সম্পন্ন হইতে হইবে।

৪) বয়সঃ- ০১/১০/২০১৯ তারিখে ১৮ বৎসর হইতে ৪৫ বৎসর।

৫) পরীক্ষাঃ- লিখিত পরীক্ষা ৯০ নম্বর এবং মৌখিক পরীক্ষা ১০ নম্বর।

৬) ক) মাতৃভাষায় ১৫০ শব্দের মধ্যে একটি রচনা (অষ্টম শ্রেনীর মানের)-১৫ নম্বর।
খ) পাটিগণিত (অষ্টম শ্রেনীর মানের)-২০ নম্বর।
গ) পুষ্টি, জনস্বাস্থ্য, নারীর ও বস্থান-১৫ নম্বর।
ঘ) ইংরাজী (ইংরাজী ভাষায় সরল ও প্রাথমিক জ্ঞান), সরল অনুবাদ (অষ্টম/নবম শ্রেনীর মানের) ইত্যাদি-২০ নম্বর।
ঙ) সাধারন জ্ঞান -২০ নম্বর।

৭) আবেদন পত্রের নমুনাঃ- আবেদনপত্রের নমুনা অনুযায়ী সাদা কাগজ স্বহস্তে লিখিত অথবা ছাপানো এবং অবশ্যই স্বস্বাক্ষরিত আবেদনপত্র জমা দিতে হইবে। শিশু বিকাশ সেবা প্রকল্প আধিকারিকের করনে আবেদনপত্রের নমুনা দেখিতে পাওয়া যাইবে।

৮) প্রত্যয়ন(Attestion):- সমস্ত প্রমাণপত্রের প্রতিলিপি সরকারিভাবে প্রত্যয়ন করার অধিকার আছে, কেবলমাত্র এমন ব্যাক্তির দ্বারা অবশ্যই প্রত্যয়িত/স্বপ্রত্যয়িতকরিতে হইবে। প্রতিলিপি অবশ্যই পাঠযোগ্য হইতে হইবে।

৯) আবেদনপত্রের সঙ্গে দেয় প্রমাণপত্রের বা শংসাপত্রের বিবরণ ইত্যাদিঃ-

ক) তিনটি স্বপ্রত্যায়িত সাম্প্রতিকতম রঙিন পাসপোর্ট ফটো। একটি ফটো আবেদনপত্রের উপরে আঠা দিয়ে আটকানো ও অপর দুইটি ফটো একটি ৫ টাকার টিকিট লাগানো খামের মধ্যে যাহার ডানদিকে নিজের ঠিকানা লেখা থাকিবে তাহার ভিতর থাকিবে।

খ) বয়সের প্রমানঃ- মাধ্যমিক বা সরকার অনুমোদিত বোর্ড হইতে প্রদত্ত পরীক্ষার প্রবেশপত্র (Admit Card) অথবা শংসাপত্র (Certificate) বা জন্ম প্রমাণপত্র। (Birth Certificate)

গ) বাসস্থানের প্রমাণপত্র:- গ্রাম পঞ্চায়েত প্রধান,পঞ্চায়েত সমিতির সভাপতি, মহকুমা শাসক, বিধায়ক, জেলা সভাধিপতি, সাংসদ, জেলাশাসক, অতিরিক্ত জেলাশাসক ও সমষ্টি উন্নয়ন আধিকারিক দ্বারা প্রদত্ত প্রমাণপত্র।

ঘ) সরকার অনুমোদিত বোর্ড হইতে প্রদত্ত শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র অথবা সমতুল্য পরীক্ষা ও তদ পরবর্তী পরীক্ষায় পাশ করিয়া থাকিলে সেই সকল পরীক্ষার মূল্যায়নপত্র (Marksheet) ও শংসাপত্র (Certificate)।

ঙ) তপশিলিজাতি,তপশিলী উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণীর ক্ষেত্রে (এ এবং বি) কেবলমাত্র মহকুমাশাসক বা জেলাশাসক কর্তৃক প্রদত্ত শংসা পত্রই গ্রাহ্য হইবে। প্রতিবন্ধীদের ক্ষেত্রে প্রয়োজনীয় প্রমানপত্র দাখিল করিতে হইবে।

১০) দরখাস্ত জমাদেওয়ার তারিখ:-০১/১০/২০১৯ হইতে ২৫/১০/২০১৯ শনি, রবি এবং সরকারি ছুটির দিন বাদে বেলা বারোটা হইতে বিকাল তিনটা পর্যন্ত রানাঘাট ২ নং অতিরিক্ত শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের করণে দরখাস্ত জমা দিতে হইবে।

বিশেষদ্রষ্টব্য:- এই নিযুক্তির ক্ষেত্রে পশ্চিমবঙ্গ সরকারের নারী ও শিশুবিকাশ বিভাগের আদেশনামা প্রযোজ্য। উপরিউক্ত পরীক্ষা পদ্ধতির মাধ্যমে যাহারা নিযুক্ত হইবেন তাহাদের কার্যকাল শেষের বয়সসীমা (Age limit for discontinuation/termination) ৬৫বছর। লিখিত পরীক্ষায় ন্যুনতম ৩০ নম্বর না পাইলে মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেনা এবং লিখিত পরীক্ষার মেধাতালিকা ক্রমসংখ্যা অনুযায়ী শূন্য পদের সংখ্যার ১:৫ অনুপাতে মৌখিক পরীক্ষার জন্য ডাকা হইবে। লিখিত পরীক্ষায় পাশ করিলেও মৌখিক পরীক্ষায় অনুপস্থিত থাকিলে সেই প্রার্থী অযোগ্য বলিয়া বিবেচিত হইবে। মৌখিক পরীক্ষার ক্ষেত্রে কোনো ন্যুনতম যোগ্যতা নির্ধারক নম্বর (Qualifying Marks) থাকিবেনা। লিখিত পরীক্ষায় প্রাপ্ত ও মৌখিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের যোগফলের ভিত্তিতে মেধাতালিকা (Merit List) প্রস্তুত করা হইবে। এই নিযুক্তি সম্পর্কে বিশদ বিবরণ বেলা ১২ টা হইতে ৩ টা পর্যন্ত প্রকল্প আধিকারিকের কার্যালয়ে পাওয়া যাইবে। কোনো তথ্য ভুল বা অসংগত দিলে বা উপরিউক্ত শর্ত লঙ্ঘন করিলে আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে এবং এই বিষয়ে কোন কারণ দর্শানো হইবেনা। শুধুমাত্র নির্ভুল ও সঠিক আবেদনপত্রের ভিত্তিতেই পরীক্ষার প্রবেশপত্র পাওয়া যাইবে। পরীক্ষায় উপস্থিত হইবার জন্য গাড়ী ভাড়া বা বাহন খরচ পাওয়া যাইবেনা। আবেদনপত্রের খামে ও পরে অঙ্গনওয়াড়ী সহায়িকা পদের জন্য আবেদনপত্র এবং গ্রাম পঞ্চায়েতের নাম অবশ্যই লিখিতে হইবে। ০১/১০/২০১৯ তারিখে প্রার্থীকে সমস্ত যোগ্যতা নির্ণায়ক শর্তাবলি পূরণ করিতে হইবে।

01/10/19

শিশুবিকাশ প্রকল্প আধিকারিক
রানাঘাট ২ নং অতিরিক্ত সুসংহত শিশুবিকাশ প্রকল্প
রানাঘাট, নদীয়া

তারিখ:-০১/১০/২০১৯

বিজ্ঞপ্তি নং: - ০১/ ১(১/ ১৬)/ **আই.সি.ডি.এস**/আর-২

জ্ঞাতার্থে ও প্রচারের উদ্দেশ্যে প্রেরিত হইল :-

১) সমাজ কল্যাণ অধিকর্তা,পশ্চিমবঙ্গ সরকার,শৈশালী বিল্ডিং,সল্টলেক,কোলকাতা-৭০০০৬৪

২) মাননীয় জেলা শাসক,নদীয়া।

৩) শ্রীমতি মহুয়া মৈত্র, মাননীয়া সাংসদ এবং চেয়ারম্যান ডিস্ট্রিক্ট লেভেল সিলেকশন কমিটি, নদীয়া ।

৪) শ্রী শংকর শিংহ, মাননীয় বিধায়ক, এবং ভাইস চেয়ারম্যান ডিস্ট্রিক্ট লেভেল সিলেকশন কমিটি, নদীয়া ।

৫) সভাধিপতি, নদীয়া জেলা পরিষদ ।

৬) অতিরিক্ত জেলা শাসক(জেলাপরিষদ),নদীয়া।

৭) মাননীয় মহকুমা শাসক, রানাঘাট মহকুমা, নদীয়া

৮) জেলা প্রকল্প আধিকারিক, আই.সি.ডি.এস, নদীয়া ।

৯) সমষ্টি উন্নয়ন আধিকারিক, রানাঘাট - ২ নং ব্লক, নদীয়া ।

১০) জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক, কৃষ্ণনগর,নদীয়া। দুটি স্থানীয় বাংলা সংবাদপত্রে এই বিজ্ঞপ্তি প্রকাশ করার জন্য অনুরোধ করা হইল।

১১) সভাপতি, রানাঘাট - ২ নং পঞ্চায়েত সমিতি ।

১২) ব্লক স্বাস্থ্য আধিকারিক, রানাঘাট - ২ নং ব্লক, নদীয়া ।

১৩) কর্মাধ্যক্ষ, শিশু, নারী উন্নয়ন ও ত্রাণ, নদীয়া জেলা পরিষদ, নদীয়া ।

১৪-১৬) প্রধান,.. গ্রাম পঞ্চায়েত ।

01/10/19

শিশুবিকাশ প্রকল্প আধিকারিক
রানাঘাট ২ নং অতিরিক্ত সুসংহত শিশুবিকাশ প্রকল্প
রানাঘাট, নদীয়া

স্বপ্রত্যয়িত কালার ফটো

আবেদনপত্র

প্রতি,
শিশু বিকাশ প্রকল্প আধিকারিক,
রানাঘাট ২ নং অতিরিক্ত সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প আধিকারিক

মহাশয়া,

আপনার করণে প্রকাশিত বিজ্ঞপ্তি নং.................................... তাং .... অনুযায়ি সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পে অঙ্গনওয়াড়ী সহায়িকা পদে নিযুক্তির জন্য আবেদন করছি । আপনার বিজ্ঞপ্তি অনুযায়ী আমার সকল সঠিক তথ্য ও বিবরন বিবেচনারজন্য নিম্নে প্রদত্ত হল ।

১। নাম :..

২। পিতা / স্বামীরনাম :..

৩। স্থায়ী ঠিকানা :- গ্রাম .... পোষ্ট.................................থানা...............................
জেলা.......................পিন..............................

৪। পৌরসভা / গ্রাম পঞ্চায়েত এর নাম এবং ওয়ার্ড নং ....

৫। (ক) জন্ম তারিখ ....

(খ) বয়স (০১-১০-২০১৯ তারিখে)..

৬। শিক্ষাগত যোগ্যতা (০১-১০-২০১৯ তারিখে) : ....

৭। জাতি (সাধারন/তপঃজাতি/তপঃউপজাতি / ও.বি.সি-এ /ও.বি.সি-বি)..
কাহার দ্বারা প্রদত্ত শংসাপত্র, নং ও তারিখ..

৮। প্রতিবন্ধী:..................(হাঁ / না)

৯। ভোটার কার্ড নং.............................. আধার নং.............................. ফোননং ....

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, আপনার করন থেকে প্রকাশিত বিজ্ঞপ্তি নম্বর ....তাং ....আমি সম্পুন রূপে পড়ে ও অনুধাবন করে সকল শর্তসাপেক্ষে জ্ঞানত এই পদে নিযুক্তির জন্য আবেদন করছি । উপরোক্ত সকলতথ্য ০১-১০-২০১৯ তারিখের নিরিখেআমার জ্ঞানতসমপুর্ন ও সর্ব্বৈবসত্য । কোনভুল বা অসংগততথ্য দেওয়ার দায় সম্পুর্ণরূপে আমার ও ইহার জন্য আমার আবেদনপত্র বাতিল হলে বা আমার নিযুক্তি প্রত্যাহত হলে বা অন্যান্য সরকারি আইন মোতাবেক আমার বিরুদ্ধে ব্যবস্থা গৃহিত হলে আমার কোন আপত্তি থাকবে না ।

ইতি

তারিখ :

আবেদনকারিনীর স্বাক্ষর